SA

অতি জরুরি

মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়
আইন অধিশাখা

বিষয়ঃ 'বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট আইন, ২০১৭' এর খসড়া মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশ।

সূত্রঃ বার্ষিক কর্মসম্পাদন ব্যবস্থাপনা চুক্তির ৪.২ নং ক্রমিক।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে 'বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট আইন, ২০১৭' এর খসড়া এ মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। এতদসঙ্গে খসড়া আইনের কপি প্রেরণ করা হলো।

সংযুক্তঃ ০২ পাতা।

০২/০১/১৮

(স্মৃতি কর্মকার)
উপ সচিব
ফোন: ৯৫৮৮৪৪১
dslaw@molwa.gov.bd

যুগ্ম-সচিব (আইসিটি)
মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।

ইউ.নোট নং-৪৮.০০.০০০০.০০৭.৩৩৬.১৫- ০২ তারিখঃ ০১.০১.২০১৮ ইং

অনুলিপি সদয় জ্ঞাতার্থেঃ
১। সচিবের একান্ত সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২। অফিস কপি।

৮৪৭

বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট আইন, ২০১৭-এর খসড়া

যেহেতু বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট রাষ্ট্রপতির আদেশ নং ৯৪/১৯৭২ মূলে স্বাধীনতা যুদ্ধে অংশগ্রহণকারী বীর যুদ্ধাহত মুক্তিযোদ্ধা ও শহিদ মুক্তিযোদ্ধা পরিবারদের কল্যাণে গঠিত হইয়াছিল এবং ১৯৮৩ খ্রিষ্টাব্দ পর্যন্ত আদেশটি কতিপয় অধ্যাদেশ-এর মাধ্যমে সংশোধিত হইয়া ইংরেজিতে মুদ্রিত হইয়াছিল;

যেহেতু মহান স্বাধীনতা যুদ্ধে অংশগ্রহণকারী যুদ্ধাহত বীর মুক্তিযোদ্ধা ও শহিদ বীর মুক্তিযোদ্ধাসহ প্রায় ২ (দুই) লক্ষ মুক্তিযোদ্ধার কল্যাণ সাধনে যাবতীয় কার্যক্রম গ্রহণ করা হইতেছে এবং ১৯৭২ খ্রিষ্টাব্দের রাষ্ট্রপতির আদেশে বর্ণিত বীর মুক্তিযোদ্ধার সংজ্ঞার্থ পরিবর্তন এবং সময়ের চাহিদায় আদেশটি যুগোপযোগী করিবার প্রয়োজনীয়তা দেখা দিয়াছে;

যেহেতু সকল পর্যায়ে মুক্তিযোদ্ধাগণের একটি সম্মিলিত নীতিমালার অধীন আনা আবশ্যক;

যেহেতু ইতঃপূর্বে গঠিত The Bangladesh (Freedom Fighters) Welfare Trust Order, 1972 (President's Order 94 of 1972)-এর বিষয়বস্তু বিবেচনাপূর্বক ইহা রহিতক্রমে নূতন একটি আইন প্রণয়ন সমীচীন ও প্রয়োজনীয়;

সেইহেতু এতদ্দারা নিম্নরূপ আইন প্রণয়ন করা হইল—

প্রথম অধ্যায়
প্রারম্ভিক

১। সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন—(১) এই আইন বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট আইন, ২০১৭ নামে অভিহিত হইবে; এবং
(৩) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

২। সংজ্ঞার্থ—বিষয় বা প্রসঙ্গের পরিপন্থি কোনো কিছু না থাকিলে, এই আইনে নিম্নরূপ বুঝাইবে—
(১) 'মুক্তিযুদ্ধ' অর্থ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কর্তৃক স্বাধীনতার ঘোষণায় সাড়া দিয়া গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের স্বাধীনতার জন্য ১৯৭১ খ্রিষ্টাব্দের ২৬ মার্চ হইতে ১৬ ডিসেম্বর পর্যন্ত সংঘটিত যুদ্ধ;
(২) 'বীর মুক্তিযোদ্ধা' অর্থ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কর্তৃক স্বাধীনতার ঘোষণায় সাড়া দিয়া ১৯৭১ সালের ২৬ মার্চ হইতে ১৬ ডিসেম্বর পর্যন্ত যেসকল ব্যক্তি বাংলাদেশের মহান স্বাধীনতা অর্জনের লক্ষ্যে মুক্তিযুদ্ধে অংশগ্রহণ করিয়াছেন তাঁহারা ব্যতীত নিম্নরূপ ব্যক্তিবর্গও বীর মুক্তিযোদ্ধা হিসাবে গণ্য হইবেন—

(ক) যেসকল ব্যক্তি মুক্তিযুদ্ধে অংশগ্রহণের লক্ষ্যে বাংলাদেশের সীমানা অতিক্রম করিয়া ভারতের বিভিন্ন ট্রেনিং/প্রশিক্ষণক্যাম্পে নাম অন্তর্ভুক্ত করিয়াছেন;

(খ) যেসকল বাংলাদেশি পেশাজীবী মুক্তিযুদ্ধের সময় বিদেশে অবস্থানকালে মুক্তিযুদ্ধের পক্ষে বিশেষ অবদান রাখিয়াছেন এবং যেসকল বাংলাদেশি নাগরিক বিশ্বজনমত গঠনে সক্রিয় ভূমিকা রাখিয়াছেন;

(গ) যাঁহারা মুক্তিযুদ্ধকালীন গঠিত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের (মুজিবনগর সরকার) অধীনে কর্মকর্তা/কর্মচারী/দূত হিসাবে দায়িত্ব পালন করিয়াছেন;

(ঘ) সশস্ত্র বাহিনী, গণবাহিনী ও অন্যান্য স্বীকৃত বাহিনী, পুলিশ, ই.পি.আর., নৌকমান্ডো, আনসার বাহিনীর সদস্য যাঁহারা মুক্তিযুদ্ধে সক্রিয় অংশগ্রহণ করিয়াছেন;

(ঙ) মুক্তিযুদ্ধে অংশগ্রহণকারী ও গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের (মুজিবনগর সরকার) সহিত

সম্পৃক্ত এম.এন.এ.গণ MNA (Member of National Assembly) ও এম.পি.এ.গণ MPA (Member of Parliamentary Assembly) যাঁহারা পরবর্তীকালে গণপরিষদের সদস্য MCA (Member of Constituent Assembly) হিসাবে গণ্য হইয়াছেন;

(চ) পাকিস্তানি হানাদার বাহিনী ও তাহাদের সহযোগী কর্তৃক নির্যাতিতা নারীগণ (বীরাঙ্গনা);

(ছ) স্বাধীন বাংলা বেতার কেন্দ্রের শিল্পী ও কলাকুশলীরা এবং দেশ ও দেশের বাহিরে দায়িত্ব পালনকারী বাংলাদেশি সাংবাদিকগণ;

(জ) স্বাধীনবাংলা ফুটবল দলের খেলোয়াড়বৃন্দ; এবং

(ঝ) মুক্তিযুদ্ধকালে আহত মুক্তিযোদ্ধাগণের চিকিৎসাসেবা প্রদানকারী মেডিক্যাল টিমের ডাক্তার, নার্স ও সহকারীরা;

তবে শর্ত থাকে, মুক্তিযোদ্ধা হিসাবে যুদ্ধকালীন বয়স ন্যূনতম ১৩ (তেরো) বৎসর হইবে।

(৩) 'শহিদ বীর মুক্তিযোদ্ধা' অর্থ একজন মুক্তিযোদ্ধা যিনি মুক্তিযুদ্ধ চলাকালে যুদ্ধে অংশগ্রহণ করিয়া মৃত্যুবরণ করিয়াছেন;

(৪) 'খেতাবপ্রাপ্ত বীর মুক্তিযোদ্ধা' অর্থ বীরশ্রেষ্ঠ, বীর-উত্তম, বীরবিক্রম, বীরপ্রতীক খেতাবপ্রাপ্ত মুক্তিযোদ্ধা, যিনি স্বাধীনতা যুদ্ধে বীরত্বপূর্ণ অবদান রাখিয়াছেন;

(৫) 'যুদ্ধাহত বীর মুক্তিযোদ্ধা' অর্থ মুক্তিযুদ্ধ চলাকালে যুদ্ধে আহত হওয়া মুক্তিযোদ্ধা, যাঁহার শরীরের একটি অথবা একাধিক অঙ্গ ক্ষতিগ্রস্ত হইয়াছে;

(৬) 'সুবিধাভোগী' অর্থ—

(ক) বীর মুক্তিযোদ্ধা;

(খ) যুদ্ধাহত বীর মুক্তিযোদ্ধা;

(গ) খেতাবপ্রাপ্ত বীর মুক্তিযোদ্ধা;

(ঘ) শহিদ বীর মুক্তিযোদ্ধার—

(১) স্ত্রী/স্ত্রীগণ/স্বামী,

(২) স্ত্রী/স্ত্রীগণ/স্বামীর অবর্তমানে পিতা/মাতা

(৩) স্ত্রী/স্ত্রীগণ/স্বামী/পিতা/মাতার অবর্তমানে পুত্র/কন্যাগণ

(৪) দফা ঘ-এর (১) (২) ও (৩)-এর অবর্তমানে ভাই/বোন

(ঙ) বীর মুক্তিযোদ্ধা, খেতাবপ্রাপ্ত বীর মুক্তিযোদ্ধা ও যুদ্ধাহত বীর মুক্তিযোদ্ধার অবর্তমানে (ঘ) উপ-অনুচ্ছেদের (১), (২) (৩) ও (৪) দফায় বর্ণিত সদস্যগণ সুবিধাভোগীর আওতাভুক্ত হইবেন।

(৭) 'বোর্ড' অর্থ ট্রাস্টিগণের সমন্বয়ে গঠিত বোর্ড;

(৮) 'চেয়ারম্যান' অর্থ ট্রাস্টি বোর্ডের চেয়ারম্যান;

(৯) 'নির্বাহী কমিটি' অর্থ এই আইনের ধারা ০৯-এর উপধারা ১-এর অধীন গঠিত নির্বাহী কমিটি;

(১০) 'ট্রাস্টি' অর্থ ট্রাস্টি বোর্ডের একজন সদস্য;

(১১) 'সভাপতি' অর্থ এই আইনের ধারা ০৯-এর উপধারা ১-এর অধীন গঠিত নির্বাহী কমিটির সভাপতি;

(১২) 'পরিবার' অর্থ বীর মুক্তিযোদ্ধা, যুদ্ধাহত বীর মুক্তিযোদ্ধা, খেতাবপ্রাপ্ত বীর মুক্তিযোদ্ধা ও শহিদ বীর মুক্তিযোদ্ধা পরিবার;

(১৩) 'পঙ্গুত্ব' অর্থ যুদ্ধাহত বীর মুক্তিযোদ্ধার আহত হওয়ার মাত্রা;

(১৪) 'ট্রাস্ট' অর্থ এই আইনের ৪ (১) ধারার অধীন প্রতিষ্ঠিত বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট;

(১৫) 'তহবিল' অর্থ বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ তহবিল যাহা ১৪ (১) ধারায় উল্লেখ করা হইয়াছে;

(১৬) 'ব্যবস্থাপনা পরিচালক' অর্থ বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্টের ব্যবস্থাপনা পরিচালক; এবং

(১৭) 'নির্ধারিত' অর্থ এই আইনের অধীন প্রণীত বিধি, প্রবিধি দ্বারা নির্ধারিত।